দৈনিক ইত্তেফাক

তারিখ [illegible]/২০০০
পৃষ্ঠা ১৬ কলাম ৪

76

# শিক্ষা সচিব ও অপর একজনের প্রতি রুল জারি

সুপ্রীম কোর্ট রিপোর্টার ॥ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ ২০০০ সালের দাখিল পরীক্ষার অঘোষিত ফলাফল কেন ঘোষণা করা হইবে না ইহার কারণ দর্শাইবার জন্য শিক্ষা সচিব ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের প্রতি রুল জারি করিয়াছেন। বরিশালের ইসলামিয়া ফাজিল মাদ্রাসা, নারায়ণগঞ্জের মিজমিজি পাইনদি ফাজিল মাদ্রাসা, বরগুনার বামনা সদর আর রশিদ ফাজিল মাদ্রাসা, পূর্ব মহেশপুর হাসানিয়া ফাজিল মাদ্রাসা এবং রাজবাড়ীর মৈসালা দারুল উলুম মোহাম্মাদীয়া দাখিল মাদ্রাসার সংশ্লিষ্ট পরীক্ষার্থীরা বোর্ডের সিদ্ধান্তের বৈধতা চ্যালেঞ্জ করিয়া পাঁচটি পৃথক রীট পিটিশন পেশ করেন। বিচারপতি কাজী এটি মোনোয়ার উদ্দিন ও বিচারপতি মোহাম্মদ মোজাম্মেল হোসেনকে লইয়া গঠিত ডিভিশন বেঞ্চ শুনানি শেষে উক্ত রুল জারি করেন।

আবেদনকারীদের পক্ষে ছিলেন ব্যারিস্টার মইনুল হোসেন। তাহাকে সহযোগিতা করেন এবিএম বায়েজিদ।